

ইন্টারপ্রেটেশান ও ট্রান্সলেশান: জনসাধারণের জন্য সংক্ষিপ্ত নির্দেশ (ব্যাখ্যান ও অনুবাদ)

ইন্টারপ্রেটেশান ও অনুবাদ আমরা আপনাদের জন্য করতে চাই কেন?

নীচে লেখা আমাদের কাজের অংশীদার এজেন্সীগুলি তাদের তথ্য ও সেবা সকলের কাছে পৌঁছে দিতে চান। আমরা বুঝতে পারি কিছু লোক আমাদের তথ্য অন্যভাবে পেতে চান।

- হাইল্যান্ড কাউন্সিল
- এ.এইচ.এস স্কটল্যান্ড
- নরদার্ন কন্স্টাবুলারি
- ইন্টারনেটস প্রিজন

আমরা এটা নিশ্চিত করতে চাই যে আমাদের তথ্য ও সেবা পাওয়ার জন্য কারুর যেন কোনরকম বাধা না থাকে। এই কারণে আমরা ইন্টারপ্রেটেশান ও অনুবাদের ব্যবস্থা করতে চাই যখন সেটাই আপনার প্রয়োজনের পক্ষে সবচেয়ে ভালো হবে।

আপনাদের প্রতি আমাদের দায়িত্ব

প্রত্যেকে যাতে আমাদের সেবা নিতে পারে এটা নিশ্চিত করার জন্য আমরা বিচার করে দেখব যে ইন্টারপ্রেটেশান এবং/অথবা অনুবাদ আপনাদের প্রয়োজন সবচেয়ে ভালোভাবে মেটাতে কিনা এবং সেইজন্য যেখানে উপযুক্ত হবে সেখানে আমরা এই সেবা দেব।

ইন্টারপ্রেটার (দোভাষী) নিযুক্ত করা এবং ইন্টারপ্রেটেশান -এর ব্যবস্থা করা আমাদের কর্মীদের দায়িত্ব-অনুগ্রহ করে আপনি নিজে এর ব্যবস্থা করবেন না। কর্মীদের নির্দেশ দেওয়া হয়েছে যেন তারা ইন্টারপ্রেটেশান -এর ব্যবস্থার জন্য আপনার পরিবারের বা বন্ধুদের উপর নির্ভর না করেন, কাজেই আপনি আপনার পরিবারের কাউকে বা কোন বন্ধুকে যদি নিয়ে আসতে চান তাহলে তাদের উপস্থিতির প্রয়োজন হবে না এবং আপনার জন্য তাদের ইন্টারপ্রেট করতে বলা হবে না।

ইন্টারপ্রেটেশান সেবা দেবার জন্য অংশীদাররা এইগুলি ব্যবহার করেন

- ল্যাংগুয়েজ লাইন- টেলিফোনের মাধ্যমে ইন্টারপ্রেটেশান সেবা দেবার জন্য আপনাদের সঙ্গে ফোনে কথা বলা
- গ্লোবাল ল্যাংগুয়েজ সাইর্ভিসেস লিমিটেড - সামনাসামনি ইন্টারপ্রেটেশান সেবা এবং কিছু টেলিফোন ইন্টারপ্রেটেশান
- ডেফ এ্যাকশন (বধিরদের জন্য এ্যাকশন) - বৃটিশ সাইন ল্যাংগুয়েজ দোভাষী এবং গ্রাহকদের পক্ষে কেবলমাত্র ঠোঁট নাড়া দেখে ব্যক্তব্য বুঝতে পারেন এবং সেইভাবে কথা প্রকাশ করতে পারেন এমন লোকের ব্যবস্থা করে সামনাসামনি আপনাদের সঙ্গে ভাবের আদান প্রদানের জন্য

এই অংশীদাররা আপনাদের অনুরোধে (সেটা যদি সম্ভব হয়) দলিল এবং অন্যান্য প্রমাণপত্র বিভিন্ন ভাষায় এবং বিভিন্ন ফরম্যাট-এ (আকার আয়তনে) যেমন ব্রিল, বড় ছাপা অক্ষরে, অডিও টেপে অনুবাদের ব্যবস্থা করে দেবেন।

আরো তথ্যের জন্য এইখানে যোগাযোগ করুন: [Interpretation@ highland life.net](mailto:Interpretation@highlandlife.net)

ডাউনলোড ল্যাংগুয়েজ আইডেনটিফিকেশন লিফলেট

ইংরাজি ভাষাভাষি কোর্স

কথাবার্তা বলায় সহায়তা দেবার জন্য ইংরাজি ভাষা শিক্ষার কোর্স -এর ব্যবস্থাও করা হয়। ইংরাজি ভাষা বুঝতে ও বলতে পারলে চাকরির জন্য আবেদন করার সুবিধা হবে এবং সেবা ও তথ্য পাওয়া সহজ হবে। 'দ্য হাইল্যান্ড ইএসওল' প্রাপ্তবয়স্কদের জন্য ইংরাজি শিক্ষার কোর্স -এর ব্যবস্থা করেন। ভাষার দক্ষতা অমুযায়ী বিভিন্ন কোর্স আছে, এর মধ্যে এক্‌ডেটেড (বিশেষ গুণ বা কৃতিত্বের অধিকারী বা সক্ষম বলে পাওয়ার স্বীকৃত এবং নন এক্‌ডেটেড (এই স্বীকৃতি পাওয়ার সুযোগ বিহীন) কোর্স আছে সারা হাইল্যান্ডের বিভিন্ন জায়গায়।

যোগাযোগ করুন : মেরি রাইন্ড, এডাল্ট লিটারেসী কো-অর্ডিনেটর টেলি: 01463 251276,
<http://www.halweb.co.uk/>

যোগাযোগ করার অন্যান্য রিসোর্স

আমরা যোগাযোগ করার অন্য উপায়গুলির ব্যাপারে সহায়তা দিয়ে থাকি

- **ওয়েলকাম প্যাক:** যারা এদেশে থাকতে এবং কাজ করতে এসেছেন তাদের জন্য এই গাইড -এ (বিভিন্ন তথ্য নির্দেশ দেওয়া বই) স্কটল্যান্ড-এর হাইল্যান্ড সম্পর্কে অনেক জরুরি কথাও তথ্য দেওয়া হয়েছে। এটি পোলিশ, লিথুনিয়ান এবং লাটভিয়ান ভাষায় অনুবাদ করা হয়েছে।
- 'হাউ টু ইউস হেল্প সারভিস ইন স্কটল্যান্ড' নামের একটি ডিভিডি-তে কমুনিটিতে যে যে প্রধান স্বাস্থ্য সেবা আছে তার সম্পর্কে স্পষ্টকরে তথ্য দেওয়া আছে। এই ডি ভি ডি-তে ১৭ টি ভাষায় এর মধ্যে ইংরাজি এবং সাইন ল্যাংগুয়েজ আছে, সাউন্ডট্রাক (কথাবার্তা শোনার ব্যবস্থা) আছে।
- www.multikulti.org.uk ওয়েবসাইট-এও বিভিন্ন ভাষায় নানা ধরনের তথ্য, উপদেশ, নির্দেশ ও শিক্ষার উপাদান পাওয়া যাবে।

অনলাইন অনুবাদ ও অভিধান

আমরা আমাদের ওয়েবসাইট-এ ইংরাজি থেকে হাইল্যান্ড -এ যত ভাষার ব্যবহার করা যায় সেই সব ভাষায় আমাদের সব তথ্য অনুবাদ করে দিতে পারি। যারা ইংরাজি বলেন না তাদের জন্য আমরা বিনামূল্যে অনুবাদ করে দেন এমন সেবা প্রতিষ্ঠানের কথা জানিয়েছি যারা বিভিন্ন ভাষায় / ওয়েব পৃষ্ঠা বা ছোট লিখা অনুবাদ করতে সাহায্য করতে পারেন। এরা কতটা সঠিক অনুবাদ করবেন এ সম্পর্কে আমরা কোন নিশ্চয়তা দিতে পারি না এবং জরুরি কাগজ পত্র অথবা দলিল এদের দিয়ে অনুবাদ করিয়ে নেওয়ার পরামর্শ দেব না।

freelang.net কোন ভাষার অভিধান দেখতে পাওয়া যাবে অথবা বার করে নেওয়া যাবে

Google Translate গুগল ট্রান্সলেট - কাগজপত্রের অংশবিশেষ এবং অপরপৃষ্ঠা অনুবাদ করে দেবে

Alta Vistababelfish একটি নির্দিষ্ট সময়ে ১৫০ শব্দ অনুবাদ করতে পারে।